...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
এনজিও বিষয়ক শাখা

নভেম্বর, ২০২৩ মাসে অনুষ্ঠিত এনজিও কার্যক্রম পরিবীক্ষণ ও সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি শেখ রাসেল হাসান
জেলা প্রশাসক, সিলেট।
সভার তারিখ : ২৭ নভেম্বর , ২০২৩।
সভার সময় : বেলা ১১.৩০ টা।
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'।

উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপিত হয়। কার্যবিবরণীতে কোনোরূপ পরিবর্তন বা সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। যেসকল এনজিও নির্ধারিত নতুন ছকে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন জমা দিয়েছেন তাদেরকে সভায় ধন্যবাদ জ্ঞাপন করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নম্বর	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	এনজিওসমূহের মাসিক কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন এনজিও বিষয়ক ব্যুরোর নির্ধারিত ফরম (ফরম নং-৪) অনুযায়ী পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে ইমেইলে (acngosylhet@gmail.com পিডিএফ ও ওয়ার্ড ফাইল)/ জেলা ই-সেবা কেন্দ্রের মাধ্যমে (হার্ডকপি) এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।	সকল এনজিও
২	সকল এনজিও'র অংশগ্রহণে উপজেলা এনজিও কার্যক্রম পরিবীক্ষণ ও সমন্বয় সভা আয়োজন করে সভার কার্যবিবরণী পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট
৩	সকল এনজিও'র উপস্থিতি নিশ্চিতকরণের লক্ষ্যে জেলা এবং উপজেলা এনজিও কার্যক্রম পরিবীক্ষণ ও সমন্বয় সভায় জেলা এবং উপজেলায় কার্যরত সকল এনজিও-কে তাদের উপযুক্ত প্রতিনিধি প্রেরণ করতে হবে। যুক্তিসঙ্গত কারণ ব্যতীত পরপর তিন মাস সভায় অনুপস্থিত থাকলে সংশ্লিষ্ট এনজিও'র বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।	সকল এনজিও
৪	যেসকল এনজিও বিগত তিন মাস বা এর অধিক সময় মাসিক এনজিও সভায় উপস্থিত হননি তাদেরকে অনুপস্থিতির যুক্তিসঙ্গত কারণ ব্যাখাসহ আগামী সভায় উপস্থিত থাকতে হবে।	সংশ্লিষ্ট এনজিও
৫	জেলা প্রশাসক সম্মেলন ২০২৩-এর উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত ২৫ দফা নির্দেশনার প্রযোজ্য অংশের বিষয়ে কার্যক্রম গ্রহণ করে এ কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে।	সকল এনজিও
৬	পুষ্টি, স্যানিটেশন এবং জনগণের জীবনমান উন্নয়নে ভূমিকা রাখে এমন প্রকল্প গ্রহণকল্পে কার্যকর পদক্ষেপ নিতে হবে এবং বিগত প্রলয়ংকরী বন্যাসহ অন্যান্য কারণে ঝরে পড়া শিশুদের জন্য শিক্ষা কার্যক্রম গ্রহণ করতে হবে।	সকল এনজিও

৭	চা-শ্রমিকদের জীবনমান উন্নয়নে যে সকল এনজিও কাজ করে তাদের পাশাপাশি অন্যান্য এনজিওসমূহকেও চা-শ্রমিকদের পুষ্টি, শিক্ষা, চিকিৎসা এবং স্যানিটেশনসহ অন্যান্য প্রযোজ্য বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণকল্পে কেন্দ্রীয় অফিসে পত্র প্রেরণ করে এ কার্যালয়ে তার অনুলিপি দিতে হবে এবং বাস্তবিক কার্যক্রম পরিচালনা করতে হবে।	সকল এনজিও
৮	বর্তমান বৈশ্বিক পরিস্থিতি বিবেচনা করে খাদ্যের অভ্যন্তরীণ চাহিদা পূরণকল্পে শাক-সবজি চাষ, ক্ষুদ্র ও বৃহৎ পর্যায়ে কৃষি এবং ছাদ বাগান করার জন্য উপকারভোগীদের আগ্রহী করতে হবে।	সকল এনজিও
৯	সকল এনজিওকে তাদের কার্যক্রমের পাশাপাশি উপকারভোগীদেরকে যথাসম্ভব কৃষি পরামর্শ, বীজ বিতরণ ইত্যাদি প্রয়াসের মাধ্যমে কৃষিতে আগ্রহী করতে হবে। খাদ্য উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষি, পশুপালন, মৎস্য চাষসহ খাদ্য উৎপাদন সংশ্লিষ্ট খাতে ঋণ বিতরণ অগ্রাধিকার হিসেবে বিবেচনা করতে হবে।	সকল এনজিও
১০	প্রকল্প বাস্তবায়ন সম্পর্কিত কার্যক্রমের প্রত্যয়নপত্র প্রাপ্তির আবেদনের সাথে সংশ্লিষ্ট কার্য এলাকার উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় থেকে প্রত্যয়নসহ হালনাগাদ তথ্য এবং এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক প্রণীত ছক যথাযথভাবে পূরণ করে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।	সকল এনজিও
১১	সংস্থার প্রকল্প কার্যক্রমের পাশাপাশি মাদক, বাল্যবিবাহ, যৌতুক, জঙ্গিবাদ এর বিরুদ্ধে এবং পরিবেশ সংরক্ষণ ও জন্ম-মৃত্যু নিবন্ধনে জনসচেতনতা এবং পুষ্টি, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক উঠান বৈঠক, আলোচনা সভা এবং প্রয়োজনীয় সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করতে হবে।	সকল এনজিও
১২	প্রকল্প বাস্তবায়নে দ্বৈততা পরিহারের লক্ষ্যে উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে স্থানীয় প্রশাসন এবং সংশ্লিষ্ট সরকারি দপ্তরের সাথে সমন্বয় করতে হবে।	সকল এনজিও
১৩	বর্তমান পরিস্থিতিতে এনজিওদের ঋণ গ্রহণকারী উপকারভোগীর নিকট হতে ঋণের কিস্তি আদায় করার ক্ষেত্রে যুক্তিসংগত আচরণ করতে হবে।	সকল এনজিও
১৪	অবৈধভাবে পাহাড়, টিলা কর্তনকারীর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ভূ-প্রাকৃতিক পরিবেশ ও বৈশিষ্ট্য ধরে রাখতে জনসচেতনতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে।	১। পুলিশ সুপার, সিলেট ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট ৩। এনজিও বেলা, সিলেট
১৫	মুজিব শতবর্ষ উপলক্ষ্যে দেশের সকল ভূমিহীন ও গৃহহীনদের জন্য আশ্রয়ণ প্রকল্পে বসবাসরত পরিবারের লোকজনদের ঋণ প্রদান, পরামর্শ, বিভিন্ন প্রশিক্ষণের মাধ্যমে জীবনমান উন্নয়ন, স্বাস্থ্য, শিক্ষা ইত্যাদি বিষয়ে এনজিওসমূহকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের উদ্যোগ গ্রহণ করতে হবে।	সকল এনজিও
১৬	ভূমিহীন ও গৃহহীনদের জন্য নির্মিত আশ্রয়ণ প্রকল্পে বসবাসরতদের সার্বিক উন্নয়নে সংস্থা কর্তৃক কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে তা মাসিক রির্পোটের সাথে ছবি ও প্রতিবেদন সহকারে প্রেরণ করতে হবে।	সকল এনজিও
১৭	এনজিওসমূহ বাংলাদেশে পালিত বিভিন্ন বিশ্ব ও জাতীয় দিবস এবং সরকারি গুরুত্বপূর্ণ অনুষ্ঠানসমূহে জেলা প্রশাসন/উপজেলা প্রশাসনের সাথে সম্পৃক্ত থেকে গৃহীত কর্মসূচির আলোকে অনুষ্ঠানসমূহ যথাযথভাবে পালন করতে হবে।	সকল এনজিও
১৮	সর্বজনীন পেনশন স্কিম সম্পর্কে এনজিও এর উপকারভোগী ও সাধারণ জনগণের মাঝে প্রচারের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	সকল এনজিও
১৯	আগামি রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক), সিলেট তাদের কার্যক্রম মাল্টিমিডিয়ায় নিম্নবর্ণিত ফরমেটে উপস্থাপন করবে: ১ম কন্টেন্ট স্লাইড: সংস্থার মূল কর্মক্ষেত্র ও বিষয়, সামগ্রিক অর্জন। ২য় কন্টেন্ট স্লাইড: সভার অব্যবহিত পূর্ববর্তী ১ মাসের কার্যক্রম ও অর্জন। ৩য়-৪র্থ কন্টেন্ট স্লাইড: সর্বশেষ সভার সিদ্ধান্তসমূহের বিপরীতে সংস্থার গৃহীত কার্যক্রম।	এরিয়া ম্যানেজার রিসোর্স ইন্টিগ্রেশন সেন্টার (রিক)

পরিশেষে আর কোনো আলোচনা না থাকায় সকলের সুস্থতা ও দীর্ঘায়ু কামনা করে এবং উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

শেখ রাসেল হাসান
জেলা প্রশাসক, সিলেট।

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০৩১.০৬.০০২.২৩.১৪৭

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪৩০
০৫ ডিসেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো।
২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৩) পুলিশ সুপার, সিলেট।
৪) সিভিল সার্জন, সিলেট।
৫) উপমহাব্যবস্থাপক, গৃহায়ণ তহবিল (ফান্ড ম্যানেজমেন্ট ইউনিট), বাংলাদেশ ব্যাংক।
৬) চেয়ারম্যান,... উপজেলা পরিষদ (সকল), সিলেট।
৭) জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, সিলেট।
৮) জেলা প্রাণিসম্পদ অফিসার, জেলা প্রাণিসম্পদ দপ্তর, সিলেট।
৯) উপপরিচালক , উপপরিচালক এর কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট।
১০) উপজেলা নির্বাহী অফিসার.................................(সকল), সিলেট।
১১) নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
১২) নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, সিলেট।
১৩) সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট। (কার্যবিবরণী জেলা প্রশাসন, সিলেট এর ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
১৪) সহকারী কমিশনার (গোপনীয়), গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
১৫) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট।
১৬) উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সিলেট।
১৭) উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট।
১৮) উপপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, উপপরিচালকের কার্যালয়, সিলেট।
১৯) জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সিলেট।
২০) জেলা সমবায় অফিসার, জেলা সমবায় অফিস, সিলেট।
২১) উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সিলেট।
২২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, সিলেট।
২৩) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (চলতি দায়িত্ব), জেলা প্রাথমিক শিক্ষা অফিস, সিলেট।
২৪) জনশক্তি জরিপ অফিসার, সহকারী পরিচালকের দপ্তর, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, সিলেট।
২৫) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ত্রাণ ও পুনর্বাসন শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
২৬) অধ্যক্ষ, সিলেট কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, আলমপুর, সিলেট।
২৭) অধ্যক্ষ, সিলেট মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, সিলেট।
২৮) চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, সিলেট।
২৯) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট ।
৩০) জনাব..., ..., সিলেট (সকল এনজিও)।

শেখ রাসেল হাসান
জেলা প্রশাসক